**e¨vswKs cwiea I bxwZ wefvM**

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়,

ঢাকা।

০১ ফেব্রুয়ারী, ২০০৬

**weAviwcwW mvKjvi †jUvi bs- 03** তারিখ ঃ ------------------

১৯ মাঘ, ১৪১২

নূতন ব্যাংক ও বিশিষ্ট ব্যাংক ব্যতীত বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক।

প্রিয় মহোদয়,

**<u>e¨vs‡Ki cavb wbevnx wbhw³i wewa-weavb cm‡½|</u>**

ব্যাংক-কোম্পানীর প্রধান নির্বাহী ও উপদেষ্টা নিয়ুক্তির বিধি-বিধান সম্পর্কিত বিআরপিডি সার্কুলার লেটার নং ১৫, তারিখঃ ০৩ সেপ্টেম্বর ২০০২ এ ব্যাংকে প্রধান নির্বাহী নিয়ুক্তির অনুমোদন গ্রহনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকে, অন্যান্যের মধ্যে, নিয়োগের শর্তাবলী (প্রদেয় প্রত্যক্ষ ও পরোক্ষ বেতন-ভাতাদি ও সুবিধাদির উলেখসহ) দাখিলের শর্ত রয়েছে। ব্যাংকে প্রধান নির্বাহীর বেতন-ভাতাদি নির্ধারণ ও এতদ্‌সম্পর্কিত প্রস্তাব বাংলাদেশ ব্যাংকে দাখিলের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণের জন্য ব্যাংকসমূহকে পরামর্শ দেয়া হলোঃ-

১) প্রধান নির্বাহীর বেতন-ভাতাদি নিরূপনে ব্যাংকের আর্থিক অবস্থা, কর্মকান্ডের ব্যাপকতা, ব্যবসার পরিমান ও উপার্জন ক্ষমতা, সংশিষ্ট ব্যক্তির যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা এবং সমপর্যায়ের অন্যান্য ব্যাংকে অনুরূপ পদে নিয়ুক্ত ব্যক্তিবর্গকে প্রদত্ত বেতন-ভাতাদি বিবেচনায় আনতে হবে;

২) **Ògj‡eZbÓ** ও **ÒevoxfvovÓ** খাতে প্রত্যক্ষ বেতন এবং **ÒAb¨vb¨Ó** খাতে ভাতা সমন্বয়ে মোট বেতন নিরূপন করতে হবে। "অন্যান্য" খাতে উলেখিত ভাতার *(†hgbt-cwf‡WÛ dvÛ, BDwUwjwU wej, jxf-†dqvi A¨vwm‡÷Ý)* সুনির্দিষ্ট পরিমান/সীমা থাকবে। এছাড়া প্রদেয় অন্যান্য সুবিধাদি (*†hgbt- Mvox, Rvjvbx, WvBfvi*), যতদূর সম্ভব, অর্থমূল্যে রূপান্তরপূর্বক মোট মাসিক বেতন নির্ধারণ করে তা বাংলাদেশ ব্যাংকে প্রেরিত প্রস্তাবে উলেখ করতে হবে। প্রস্তাবে মূলবেতন, বাড়ীভাড়া, উৎসব ভাতা, অন্যান্য ভাতা ও সুবিধাদি (সুনির্দিষ্টভাবে উলেখ করে) খাতে টাকার অংক থাকতে হবে;

৩) চাকুরীর শর্তে উলেখিত চাকুরীর মেয়াদকালে বেতন-ভাতাদির শর্ত পরিবর্তন করা যাবে না। নবায়নের ক্ষেত্রে কর্ম-উৎকর্ষতা বিবেচনায় বেতন পুনঃনির্ধারণের প্রস্তাব করা যাবে;

৪) ২নং অনুচ্ছেদে বর্ণিত বেতন-ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি ছাড়া প্রধান নির্বাহী অন্য কোনও প্রত্যক্ষ বা পরোক্ষ সুবিধা *(†hgbt- jf¨vsk, Kwgkb, †evbvm, Kv‡ei Rb¨ LiP BZ¨vw`)* পাবেন না;

৫) প্রধান নির্বাহীর অনুকূলে ব্যাংক কোনো আয়কর প্রদান করবে না অর্থাৎ নিয়োগকৃত ব্যক্তিকে আয়কর প্রদান করতে হবে।

তাছাড়া, কোনো ব্যক্তির বয়স ৬৫(পয়ষট্টি) বছর অতিক্রান্ত হলে তিনি কোনো ব্যাংকের প্রধান নির্বাহী পদে অধিষ্ঠিত থাকতে পারবেন না।

এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

এই সার্কুলার লেটার ব্যাংকের পরিচালনা পর্ষদের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

(মোঃ জাহাঙ্গীর আলম)
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)
ফোন ঃ ৭১২৫৮৪৪